গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, রাজশাহী
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
E-mail: rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

প্রফেসর মোঃ আকবর হোসেন-৪৩৫৫
অধ্যক্ষ
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী

স্মারক নং- ৫৮.০২.৮১০০.১৩৭.১২.০০১.১৪-৪২০

তারিখঃ ২৭/৪/২০২২ খ্রিঃ।

বিষয়ঃ ২৬ জুন, ২০২২ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতায় অংশ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যায় যে, আগামী ২৬ জুন, ২০২২ রবিবার "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সংগে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে দিবসটি পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনি অবগত আছেন যে, দেশের যুব সমাজের একটা অংশ মাদকাসক্ত হওয়ার কারণে সমাজে বিভিন্ন ধরণের অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে দেখা দিচ্ছে অশান্তি ও অস্থিরতা। মাদকের করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষা করা ও তাদেরকে সুস্থ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তরুণ ও যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আগামী ২৬ জুন, ২০২২ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস" উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত ভাবে অনুরোধ করা হ'ল। তিনটি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

গ্রুপ এবং রচনার বিষয় নিম্নরূপঃ

"ক" গ্রুপঃ ৬ষ্ঠ-৮ম শ্রেণি/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

রচনার বিষয়ঃ মাদক গ্রহণের কুফল (১০০০ শব্দের মধ্যে)।

" খ" গ্রুপঃ ৯ম-১০ম শ্রেণি/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য।

রচনার বিষয়ঃ মাদকাসক্তি প্রতিরোধে যুবসমাজের ভূমিকা (১৫০০ শব্দের মধ্যে)।

"গ" গ্রুপঃ উচ্চমাধ্যমিক-স্নাতক/সমমান

রচনার বিষয়ঃ বঙ্গবন্ধুর চেতনা ও মাদকমুক্ত বাংলাদেশ (২৫০০ শব্দের মধ্যে)।

প্রতিযোগিতার নিয়মাবলীঃ

১। রাজশাহী জেলার সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।

৩। রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।

৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।

৫। খামের উপর "রচনা প্রতিযোগিতাঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস" লিখতে হবে।

৬। রচনা আগামী ১৯ মে, ২০২২ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী, হড়গ্রাম (ঠাকুরমারা), পোস্টঃ রাজশাহী কোর্ট, থানাঃ কাশিয়াডাঙ্গা, রাজশাহী ঠিকানায় পৌঁছাতে হবে।

পুরস্কারঃ

রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। পুরস্কার হিসেবে ক্রেস্ট, সার্টিফিকেট এবং নগদ অর্থ প্রদান করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

২৭/৪/২২

(মোহাম্মদ লুৎফর রহমান)
উপপরিচালক
মোবাইলঃ ০১৪০৪০৭২৪০৩।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
কলেজ/স্কুল।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, রাজশাহী।
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী।
৪। উপজেলা/থানা, মাধ্যমিক শিক্ষা অফিসার,----------।
৫। পরিদর্শক, জেলা মাদকদ্রব নিয়ন্ত্রণ কার্যালয়, রাজশাহী 'ক'/'খ' সার্কেল।